দৈনিক
ইনকিলাব

তারিখ ... 30 NOV 2007
পৃষ্ঠা ... ৭ কলাম ...

'ও' লেভেলে তিন বাংলাদেশী ছাত্রের বিশ্বসেরা ফলাফল

ইনকিলাব রিপোর্ট

ইউনিভার্সিটি অব কেমব্রিজ এক্সামিনেশন্স (সিআইই)'র জুন ২০০৭-এর 'ও' লেভেল পরীক্ষায় বিশ্বসেরা ফলাফল করেছে বাংলাদেশের তিন ছাত্র। এরা হচ্ছে ইব্রাহীম মোঃ জুনাইদুর রহমান, নাবিল তারিক হোসেন এবং সাব্বাদ খান মৌসুম। এ তিনজন যথাক্রমে বাংলা, গণিত এবং মানব ও সমাজ জীববিদ্যায় শীর্ষস্থান অর্জন করেন। তিন মেধাবী ছাত্রকে আগামীকাল (শনিবার) ব্রিলিয়ান্স ইন বাংলাদেশ অ্যাওয়ার্ড প্রদানের মাধ্যমে সম্মানিত করা হবে। উল্লেখিত তিন ছাত্র যথাক্রমে ঢাকার মানারাত ইন্টারন্যাশনাল, রাজশাহীর প্যারামাউন্ট এবং ঢাকার অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুল থেকে পরীক্ষায় অংশগ্রহণ করে এ কৃতিত্ব

পৃঃ ১১ ক ঃ ৪

'ও' লেভেলে তিন বাংলাদেশী ছাত্রের

প্রথম পৃষ্ঠার পর

অর্জন করে। শনিবার ব্রিটিশ কাউন্সিলের ঢাকা অফিসে এদের সঙ্গে আরো পুরস্কৃত করা হবে ইন্টারন্যাশনাল 'এএস' লেভেল এবং ইন্টারন্যাশনাল 'এ' লেভেলের একই সময়ের পরীক্ষায় শ্রেষ্ঠ ফলাফল অর্জনকারী ছাত্রদেরও। ব্রিটিশ কাউন্সিল সূত্রে একথা জানানো হয়। সিআইই'র রিজিওনাল ম্যানেজার ফর সাউথ এশিয়া, উইলিয়াম বিকারডাইক, সিআইই'র রিজিওনাল রিপ্রেজেন্টিটিভ সুজি চৌধুরী, সিআইই'র ডিরেক্টর গাই লেন অনুষ্ঠানে মেধাবী বাংলাদেশী ছাত্রদের অভিনন্দন জানানোর জন্য উপস্থিত থাকবেন।

উইলিয়াম বিকারডাইক বলেন, "এ সকল ছাত্র কেমব্রিজ কোয়ালিফিকেশন অর্জন করেছে, যা তাদের পরবর্তী শিক্ষা ও জীবনে একটি শক্ত ভিত্তি প্রদান করবে। তাদের শিক্ষক, অভিভাবক এবং সিআইই তাদের অসাধারণ কৃতিত্বের জন্য অভিনন্দন জানাচ্ছে।"

ইব্রাহীম মোঃ জুনাইদুর রহমান, নাবিল তারিক হোসেন এবং সাব্বাদ খান মৌসুম 'ও' লেভেল পর্যায়ে যথাক্রমে বাংলা, গণিত এবং মানব ও সমাজ জীববিদ্যায় শীর্ষস্থান অর্জন করেন। সিআইই ডিরেক্টর গাই লেন বলেন, "এটি একটি অসাধারণ কৃতিত্ব এবং ইব্রাহীম মোঃ জুনাইদুর রহমান, নাবিল তারিক হোসেন এবং সাব্বাদ খান মৌসুমকে তাদের শীর্ষস্থানীয় ফলাফলের জন্য অভিনন্দিত করা হবে। কোন বিষয়ে উচ্চ নম্বর পাওয়া চমৎকার। কিন্তু কোন বিষয়ে বিশ্বে শীর্ষস্থান দখল করাটা সত্যিই অসাধারণ।"

উচ্চ নম্বরপ্রাপ্ত ছাত্রদের তালিকা নিম্নরূপ :

বিশ্বে শীর্ষস্থান দখলকারী :

ছাত্র	যোগ্যতা	স্কুল
ইব্রাহিম মোঃ জুনাইদুর রহমান	ও লেভেল বাংলা	মানারাত ইন্টারন্যাশনাল, ঢাকা
নাবিল তারিক হোসেন	ও লেভেল ম্যাথেমেটিক্স (সিলেবাস ডি)	প্যারামাউন্ট স্কুল, রাজশাহী
সাব্বাদ খান মৌসুম	ও লেভেল মানব এবং সামাজিক জীববিদ্যা	অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুল, ঢাকা

এবার বাংলাদেশে যেকোন তিনটি 'এ' লেভেলে শীর্ষস্থানীয়।

ছাত্র	স্থান	স্কুল
তানিয়া জামাল	১	চিটাগাং গ্রামার স্কুল
মোস্তফা আনসার হায়দার	২	চিটাগাং গ্রামার স্কুল
মোহাম্মদ তোসিফ চৌধুরী	৩	চিটাগাং গ্রামার স্কুল

সমগ্র বাংলাদেশে যেকোন তিনটি এএস লেভেলে শীর্ষস্থানীয় :

ছাত্র	স্থান	স্কুল
তৃপ্তি দত্ত	১	চিটাগাং গ্রামার স্কুল
তপেশ চক্রবর্তী	২	চিটাগাং গ্রামার স্কুল
সাজাদ রহমান	৩	চিটাগাং গ্রামার স্কুল

সমগ্র বাংলাদেশে যেকোন ছয়টি 'ও' লেভেলে শীর্ষস্থানীয় :

ছাত্র	স্থান	স্কুল
মহিদুল ইসলাম	১	চিটাগাং গ্রামার স্কুল
সিরাজ হক	২	চিটাগাং গ্রামার স্কুল
আবু বকর সিদ্দিক আহমেদ	৩	সেন্ট ফ্রান্সিস জেভিয়ার্স গ্রীনহেরাল্ড ইন্টারন্যাশনাল স্কুল

বাংলাদেশে শীর্ষস্থানীয় (আলাদা বিষয়ে) :

ছাত্র	স্থান	স্কুল
জ্যোতির্ময় মণ্ডল	ও লেভেল ইংলিশ ল্যাঙ্গুয়েজ	চিটাগাং গ্রামার স্কুল
জ্যোতির্ময় মণ্ডল	ও লেভেল ফিজিক্স	চিটাগাং গ্রামার স্কুল
মহিদুল ইসলাম	ও লেভেল এডিশনাল ম্যাথেমেটিক্স	চিটাগাং গ্রামার স্কুল
মোঃ ফয়সাল হুসাইন	ও লেভেল ইকোনোমিক্স	সেন্ট ফ্রান্সিস জেভিয়ার্স গ্রীনহেরাল্ড ইন্টারন্যাশনাল স্কুল
সিরাজ হক	ও লেভেল কেমিস্ট্রি	চিটাগাং গ্রামার স্কুল
সিরাজ হক	ও লেভেল বায়োলজি	চিটাগাং গ্রামার স্কুল

ও লেভেলে ছয়টি অথবা অধিক এ গ্রেড প্রাপ্ত ছাত্র :

ছাত্র	স্কুল
মোঃ জুনাইদুল আলম	দি রেন ব্রিক স্কুল
আরাফাত ফেরদৌস	রাজশাহী প্যারামাউন্ট স্কুল
নাবিল তারিক হোসেন	রাজশাহী প্যারামাউন্ট স্কুল
হাসীব ইসলাম অনিন্দ্য	রাজশাহী প্যারামাউন্ট স্কুল
রিফাত জামালিক রহমান	[illegible]

বাংলাদেশ

- পত্রিকা ও দুর্গত
- বাবার সব :
- বাড়বার আ
- নিউজপ্রেস

বগুড়ার ছাত্রের পাঠাতে বিক্ষোভ : প্রশাসনের অভিযোগ

বগুড়া জেলা সংবাদদাতা

সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন থাকায় বগুড়ার বিভিন্ন এলাকার এবারো আগামী পৌষমাস সহ বছর হবে না। এখনো নাবিতে বগুড়া সহর উপজেলা [illegible] পাকুরিয়া ও [illegible]

সাধারণ জেলেন বিরাজ করছে। ইতিপূর্বে ৫ মাসাধিক যাবত চৌধুরী পরিবার থাকা তাকে প্রেফতারের জন্য প্রেফতারী পরোয়ানা জারি করা হয়েছিল। গতকাল তাকে প্রেফতার করার জন্য পুলিশ [illegible] করে না

পৃঃ ১১২ কঃ ৬